

তথ্য কমিশনে ০৬-০৬-২০১৮ তারিখের শুনানীর ফলাফল

তথ্য কমিশন আদালতে আজ ০৯ টি অভিযোগের শুনানীশেষে ০৪ টি অভিযোগের নিষ্পত্তি করা হয়, ০২ টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয় এবং ০৩ টি অভিযোগ খারিজ করে দেওয়া হয়।

শুনানীতে অংশ নেন মাননীয় প্রধান তথ্য কমিশনার জনাব মরতুজা আহমদ, তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার এবং তথ্য কমিশনার জনাব সুরাইয়া বেগম।



নিষ্পত্তিকৃত অভিযোগগুলো হচ্ছে ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড চট্টগ্রামের আগ্রাবাদ শাখার ম্যানেজার, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর বরিশালের নির্বাহী প্রকৌশলী এবং বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের মহাব্যবস্থাপকের বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়।

অন্যদিকে মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড চট্টগ্রামের আগ্রাবাদ শাখার ম্যানেজার এবং মেহেরপুরের গাংনী উপজেলা আনসার ভিডিপি কার্যালয়ের ভারপ্রাপ্ত উপজেলা কর্মকর্তার বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয়।

বাংলাদেশ রেলওয়ে চট্টগ্রামের সহকারী মহাব্যবস্থাপক (পূর্ব), ময়মনসিংহ জেলা প্রশাসক কার্যালয়ের
সহকারী কমিশনার এবং পটুয়াখালী পৌরসভার সচিবের বিরুদ্ধে আনিত অভিযোগ খারিজ করে দেওয়া
হয়।

স্বাক্ষরিত:-

০৬-০৬-২০১৮

(লিটন কুমার প্রামাণিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কমিশন

ফোন-০২-৯১৩৭৩৩২

মোঃ ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd